Prime Minister Shri Narendra Modi speaks on telephone with H. E. Fumio Kishida, Prime Minister of Japan

October 08, 2021

জাপানের প্রধানমন্ত্রী মিঃ ফুমিও কিশিদার সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে কথা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জাপানের প্রধানমন্ত্রী মিঃ ফুমিও কিশিদার সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

জাপানের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য মিঃ কিশিদাকে প্রধানমন্ত্রী অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

ভারত ও জাপানের মধ্যে বিশেষ কৌশলগত ও আন্তর্জাতিক অংশীদারিত্বের ক্রমবর্ধমান বিকাশে উভয় নেতা সন্তোষ প্রকাশ করেছেন। উচ্চপ্রযুক্তি ও ভবিষ্যতের সময়োপযোগী বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানোর বিষয়ে উভয় নেতা সহমত পোষণ করেন। ভারতের অর্থনৈতিক সংস্কারের সুফল পেতে জাপানের সংস্থাগুলিকে প্রধানমন্ত্রী আরও বেশি করে বিনিয়োগ করার আহ্বান জানান।

দুই নেতা বিভিন্ন ক্ষেত্রে ক্রমবর্ধমান সম্ভাবনা ও এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারত ও জাপানের মধ্যে বিপুল সহযোগিতার বিষয় নিয়ে আলোচনা করেন। এই প্রসঙ্গে কোয়াড ব্যবস্থাপনায় সহযোগিতার অগ্রগতির তাঁরা পর্যালোচনা করেছেন।

প্রধানমন্ত্রী মিঃ কিশিদাকে দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দেওয়ার জন্য তাঁর সুবিধামতো সময়ে ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

নতুন দিল্লী

অক্টোবৰ 08, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.